[illegible] …লাব

তারিখ ............
পৃষ্ঠা ৩ কলাম ......

SEP. 12 2002

# বহিরাগত বেআইনী নেতৃ
# বহিষ্কার না হলে আন্দোল

## –সরঃ প্রাথমিক শিক্ষক সমিতি

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ সরক
প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃ
বহিরাগত বেআইনী নেতৃত্ব বহিষ্কার এ
বেআইনীভাবে গঠিত 'কল্যাণ ট্রাস্টী বো
বাতিলসহ ১৫ দফা দাবী জানিয়েছে
আগামী ৪ অক্টোবরের মধ্যে উল্লেখিত দ
মেনে নেয়া না হলে প্রাথমিক শিক্ষক
আন্দোলনে যেতে বাধ্য হবেন।

গতকাল (বুধবার) দুপুরে স্থানীয় এ
হোটেলে আয়োজিত সাংবাদিক সম্মেল
সমিতির সভাপতি আঃ আউয়াল তালুকদার
ঘোষণা দেন। সম্মেলনে লিখিত বক্তব্য প
করেন দফতর সম্পাদক আবদুস সালাম
উপস্থিত ছিলেন সুলতান আহমে
মহাসম্পাদক, নেছার উদ্দিন, সহসভাপতি
আবদুল আজিজ, সহসভাপতি, লতি
আহমেদসহ সভাপতি আনোয়ার হোসে
প্রমুখ।

সাংবাদিক সম্মেলনে উথাপিত অন্যান্য দা
হচ্ছে- শ্রেণী পাঠে সময় বৃদ্ধি, শ্রেণীক
বৃদ্ধি, শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ১ ঃ ৩৫করণ
প্রতিটি বিদ্যালয়ে কমপক্ষে ৫ জন শিক্ষ
নিয়োগ, অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনি
প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ, প্রাথমিক শিক্ষ
নিয়োগে শিক্ষাগত যোগ্যতা ন্যূনত
এইচএসসি দ্বিতীয় বিভাগ, মেধাবী
শিক্ষকদের সম্মানজনক বেতন স্কেল প্রদান
প্রধান শিক্ষককে দ্বিতীয় শ্রেণীর মর্যাদা দান
সহকারী প্রধান শিক্ষক, জুনিয়র শিক্ষক ও
সিনিয়র শিক্ষক হিসেবে স্বতন্ত্র বেতন স্কেল
প্রদান, পিটিআই পাসের কারণে জুনিয়র-
সিনিয়র শিক্ষকদের বেতন বৈষম্য দূরীকরণ,
অস্থায়ী রাজস্ব খাতে আত্তীকৃত শিক্ষকদের
স্থায়ী রাজস্ব খাতে অন্তর্ভুক্ত, শিক্ষকদের
অগ্রিম গৃহনির্মাণ ঋণ প্রদান ও শহরে
[illegible] সময়সূচী পরিবর্তন।